দৈনিক খবর

তারিখ 17 NOV 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

128

# একটি পোস্টার : লেখককে খুঁজে বের করতে তদন্ত কমিটি

।। খবর রিপোর্ট ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আটজন শিক্ষকের নামে সম্প্রতি ক্যাম্পাসে একটি পোস্টার লাগানো হয়েছে এবং এ পোস্টারের লেখককে খুঁজে বের করার জন্য একটি তদন্ত কমিটি গঠিত হয়েছে।

জানা গেছে, গত ১৩ই নভেম্বর আহূত বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মহাসমাবেশের দিনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরী, সামাজিক বিজ্ঞান অনুষদের ডীনের অফিস, শিক্ষক লাউঞ্জের গেইটে ও প্রোক্টর অফিসের সামনে একটি পোস্টার দেয়ালে লাগান অবস্থায় দেখা যায়। পোস্টারটিতে বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগের আটজন শিক্ষকের নাম উল্লেখ করে বলা হয়, 'এরশাদের দালালদের চিনে রাখুন।' নীচে লেখা ছিল 'সমাজ বিজ্ঞান বিভাগ।' পোস্টারটিতে বিশ্ববিদ্যালয়ের

২-এর পাতায় দেখুন

## একটি পোস্টার

প্রথম পৃষ্ঠার পর

সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন ডঃ আনোয়ার উল্লাহ চৌধুরী (সম্ভাব্য উপ-উপাচার্য প্রার্থী), সাবেক উপ-উপাচার্য অধ্যাপক মুহাম্মদ আফসার উদ্দিন, আবুল কালাম আজাদসহ শুধুমাত্র সমাজ বিজ্ঞান বিভাগের আটজন শিক্ষকের নাম ছিল। এ পোস্টারের খবর দ্রুত ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে বিশ্ববিদ্যালয়ের প্রোক্টরের উদ্যোগে তা ছিঁড়ে ফেলা হয়।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সমাজ বিজ্ঞান বিভাগের আটজন শিক্ষকের নামে এ ধরনের একটি পোস্টার ক্যাম্পাসে কি করে এল তা নিয়ে গত ১৫ই নভেম্বর বিভাগীয় একাডেমিক কমিটির সভায় আলোচনা করা হয়েছে এবং কে বা কারা এ ধরনের পোস্টারিং করেছে তা তদন্তের জন্য একটি তদন্ত কমিটি গঠিত হয়েছে। বিভাগীয় প্রধান সৈয়দ আলী নকীর নেতৃত্বে এ তদন্ত কমিটি গঠিত হয়েছে।